

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 (ক্রীড়া -২ শাখা)
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৮০.১৯.০০১.১১-০৯

তারিখঃ ২৭ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
১০ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দঅফিস আদেশ

ক্রীড়া পরিদপ্তরের অধীন নাটোর এর জেলা ক্রীড়া অফিসার ও অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত জেলা ক্রীড়া অফিসার, পাবনা, জনাব রাকিবুল হাসান এছামীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসে জড়িত থাকা সন্দেহে ফৌজদারী মামলায় অপরাধ তদন্ত বিভাগ(সিআইডি)কর্তৃক গত ১১/১২/২০১৭ খ্রিঃ আটক করা হয়।

২। বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর ৭৩ বিধির ২ নং নোট মোতাবেক “ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে জেলে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ায় তারিখ হইতে সাময়িক বরখাস্ত বলিয়া বিবেচিত হইবে এবং বিচার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত খোরপোষ ভাতা প্রাপ্য হইবে”।

৩। জনাব রাকিবুল হাসান এছামী, জেলা ক্রীড়া অফিসার, নাটোরকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসে জড়িত সন্দেহে ফৌজদারী মামলায় অপরাধ তদন্ত বিভাগ(সিআইডি) ১১/১২/২০১৭ খ্রিঃ তারিখে আটক করায় তাঁকে ১১/১২/২০১৭ খ্রিঃ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল। তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/-

(সরদার মোঃ শোয়েব)

উপ সচিব


ফোন: ৯৫৪৫০২২।

নং- ৩৪.০০.০০০০.০৮০.১৯.০০১.১১-০৯

তারিখঃ ১০ জানুয়ারি, ২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
০২. জেলা প্রশাসক, নাটোর/পাবনা।
০৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেইজ) সেগুনবাগিচা, ঢাকা।
০৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৫. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৬. মাননীয় উপপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৭. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নাটোর/পাবনা।
০৮. জনাব রাকিবুল হাসান এছামী, জেলা ক্রীড়া অফিসার, নাটোর (সাময়িক বরখাস্তকৃত)।
০৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



(সরদার মোঃ শোয়েব)

উপ সচিব।